

বাংলাদেশ ব্যাংক
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
প্রধান কার্যালয়,
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নেটোর নং-০৩

২৭ জানুয়ারী ২০১৪

তারিখঃ

১৪ মাঘ ১৪২০

প্রধান নির্বাহী,
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ভল্টের নিরাপত্তা নিশ্চিতকরণে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ।

উদ্দেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংকসমূহের ভল্টে রাখিত অর্থের যথাযথ নিরাপত্তা নিশ্চিতের বিষয়ে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে নির্দেশনা দিলেও ব্যাংকসমূহ সে সকল নির্দেশনার যথাযথ পরিপালন করছে না। এর ফলে সম্প্রতি ভল্টের নিরাপত্তাবেষ্টনী ধৰ্�ংস করে ব্যাংকের ভল্টে রাখিত অর্থ চুরির ঘটনা ঘটেছে। এমতাবস্থায়, ব্যাংক ভল্ট-এর নিরাপত্তার বিষয়টি অধিকতর শক্তিশালী ও যুগোপযোগী করার লক্ষ্যে নিম্নলিখিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো :

ক) কাঠামোগত নিরাপত্তা : ব্যাংকের ভল্ট-স্পেস বিশেষভাবে সুরক্ষিত করার লক্ষ্যে ইস্পাতবেষ্টনী নির্মাণসহ ভল্টে সিকিউরিটি টেস্টেড দরজা স্থাপন করতে হবে। মেঝে ও ছাদসহ ভল্টের চারপাশের নির্মিত দেয়ালের নিরাপত্তা প্রদানের বিষয়টি পুর প্রকৌশলী কর্তৃক প্রত্যায়িত হতে হবে।

খ) প্রযুক্তিগত নিরাপত্তা : ভল্টের অভ্যন্তরে সিসি টিভি স্থাপনসহ ভল্টে সিকিউরিটি অ্যালার্মের সার্বক্ষণিক ব্যবস্থা রাখতে হবে। ভল্টের সিকিউরিটি সিস্টেমের সাথে ব্যাংকের সেন্ট্রাল ইনফরমেশন সিস্টেমের নিরবিচ্ছিন্নভাবে সংযোগের ব্যবস্থা রাখতে হবে। সকল ভল্টের ভিতর অটোমেটেড ফায়ার এক্সটিংঘুইশার স্থাপন করতে হবে।

গ) বীমা নিরাপত্তা : ভল্টে রাখিত সকল অর্থের পূর্ণ বীমা আচান্দন নিশ্চিত করতে হবে।

অনুগ্রহপূর্বক ধ্রাণি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আমনুল্লাহ ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৪